# 2020

## PHILOSOPHY — HONOURS

**Paper : DSE-B-1(a)**

**(An Enquiry Concerning Human Understanding— D. Hume)**

**Full Marks : 65**

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

১। প্রত্যেক প্রশ্নের প্রদত্ত বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাও (*যে-কোনো দশটি*)ঃ ১×১০

(ক) হিউমের মতে যথাযথ ও দুর্বোধ্য দার্শনিক হলেন—

(অ) সিসেরো (আ) অ্যারিস্টটল (ই) মালেব্রাঁ (ঈ) অ্যাডিসন।

(খ) হিউম অধিবিদ্যা বলতে বুঝিয়েছেন—

(অ) ঈশ্বরতত্ত্ব (আ) সহজ ও স্পষ্ট দর্শন

(ই) যথাযথ ও দুর্বোধ্য দর্শন (ঈ) জ্যোতির্বিজ্ঞান।

(গ) হিউমের মতে 'ধারণা' হল—

(অ) অলীক কল্পনা (আ) জ্ঞানের প্রধান উৎস

(ই) মুদ্রণের অস্পষ্ট প্রতিরূপ (ঈ) আমাদের মনের চিন্তা।

(ঘ) ভবিষ্যৎ ঘটনা সম্পর্কে অনুমান করার জন্য যে অনুষঙ্গ নীতিটি মুখ্য ভূমিকা পালন করে সেটি হল

(অ) সাদৃশ্য নীতি (আ) সান্নিধ্য নীতি (ই) বৈপরীত্যের নীতি (ঈ) কার্যকারণ নীতি।

(ঙ) 'আগামীকাল সূর্যোদয় হবে না।'— হিউমের মতে এই বচনটি

(অ) মিথ্যা (আ) স্ববিরোধী (ই) সম্ভাব্য (ঈ) অচিন্তনীয়।

(চ) হিউমের মতে, 'যদি তুমি আগুনে হাত দাও হাত পুড়বে' কারণ—

(অ) এদের মধ্যে অনিবার্যতার সম্পর্ক রয়েছে (আ) নিয়ত পারম্পর্যের সম্পর্ক রয়েছে

(ই) আগুনের মধ্যে বিশেষ শক্তি রয়েছে (ঈ) এটা অসম্ভব যে আগুন দহন করবে না।

(ছ) হিউমের মতে প্রথা হল

(অ) সামাজিক নিয়ম (আ) একজাতীয় সংস্কার

(ই) ব্যবহারিক জীবনের পরিচালক (ঈ) অভিজ্ঞতাজাত মানসিক অভ্যাস।

(জ) 'স্বাধীনতা' বলতে বোঝায়—

(অ) ইচ্ছার নিয়ন্ত্রণহীনতা (আ) ইচ্ছার নিয়ন্ত্রণ অনুযায়ী কাজ করা বা না-করার ক্ষমতা

(ই) সমস্ত প্রকার নিয়মের লঙ্ঘন (ঈ) কোনোটিই নয়।

(ঝ) 'প্রথা হল মানবজীবনের মহান পথপ্রদর্শক'— এটি কার মত?

(অ) কান্ট (আ) লক (ই) হিউম (ঈ) ডেকার্ত।

(ঞ) হিউমের মতে জ্ঞান হল

(অ) স্বজ্ঞামূলক (অ) প্রমাণমূলক (ই) সংবেদনমূলক (ঈ) সবকটি বিকল্প।

(ট) হিউমের মতে, ঈশ্বরের অস্তিত্বসংক্রান্ত উদ্দেশ্যমূলক যুক্তি গ্রহণযোগ্য নয় কারণ

(অ) এটি অভিজ্ঞতা থেকে নিঃসৃত নয় (আ) এটি কার্যকারণ নীতির শর্তকে লঙ্ঘন করে

(ই) ঈশ্বরের অভিপ্রায় আমাদের অজানা (ঈ) এর মধ্যে কোনো নৈতিক উপাদান নেই।

(ঠ) চূড়ান্ত সংশয়বাদের সমর্থক হলেন

(অ) দেকার্ত (আ) হিউম (ই) পিরো (ঈ) কান্ট।

২। ***যে-কোনো পাঁচটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ৫×৫

(ক) 'মুদ্রণ ও ধারণার মধ্যে পার্থক্য হল মাত্রাগত পার্থক্য।'— হিউমকে অনুসরণ করে ব্যাখ্যা করো।

(খ) হিউমের মতে বিভিন্ন প্রকার অনুষঙ্গ নীতিগুলি কী কী?— উদাহরণসহ আলোচনা করো।

(গ) হিউম অলীক কল্পনা ও বিশ্বাসের মধ্যে কীভাবে পার্থক্য করেছেন?

(ঘ) কারণিক সম্ভাব্যতা বলতে হিউম কী বুঝিয়েছেন?

(ঙ) মানুষের মতো পশুরাও যে অভিজ্ঞতা থেকে শেখে, তা উদাহরণ দিয়ে আলোচনা করো।

(চ) উপলক্ষ্যবাদের বিরুদ্ধে হিউমের অভিযোগগুলি কী কী?

(ছ) অলৌকিক ঘটনা বলতে হিউম কী বুঝিয়েছেন? এর বিরুদ্ধে হিউম প্রদত্ত একটি যুক্তির উল্লেখ করো।

(জ) পূর্বগামী সংশয়বাদের মূল বক্তব্য কী? হিউম কীভাবে এর সমালোচনা করেছেন?

৩। নিম্নলিখিত ***যে-কোনো দুটি*** প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) (অ) 'Enquiry'-তে হিউম কীভাবে দু-প্রকার দর্শনের মধ্যে পার্থক্য করেছেন?

(আ) এদের কোনো একটির প্রতি কি তিনি কোনো পক্ষপাতিত্ব দেখিয়েছেন? ৫+১০

(খ) 'কার্য এবং কারণ যুক্তির দ্বারা নয়, অভিজ্ঞতার দ্বারাই আবিষ্কৃত হয়।'— এই মতের সপক্ষে হিউম প্রদত্ত যুক্তিগুলির আলোচনা করো। ১৫

(গ) আবশ্যিক সম্পর্ক বলতে হিউম কী বুঝিয়েছেন? হিউমকে অনুসরণ করে দেখাও আমাদের দেহের বিভিন্ন অঙ্গপ্রত্যঙ্গের ওপর ইচ্ছাশক্তির প্রভাব থেকে কীভাবে আমরা এই সম্পর্ককে জানতে পারি? ৩+১২

(ঘ) হিউম স্বাধীনতা বলতে কী বোঝেন? স্বাধীনতা ও অনিবার্যতা কি পরস্পরবিরোধী? — আলোচনা করো। ৩+১২

## [English Version]

*The figures in the margin indicate full marks.*

**1.** Choose the correct alternatives in each question (***any ten***) : 1×10

(a) According to Hume accurate and abstruse philosopher is

(i) Cicero (ii) Aristotle (iii) Malebrarche (iv) Addison.

(b) By metaphysics Hume means—

(i) Theology (ii) Easy and obvious philosophy

(iii) Accurate and abstruse philosophy (iv) Astronomy.

(c) According to Hume 'idea' is—

(i) fictitous imagination (ii) main source of knowledge

(iii) faint copy of impression (iv) thoughts of our mind.

(d) The law of association which plays main role in inferring future event is—

(i) Law of similarity (ii) Law of contiguity

(iii) Law of opposition (iv) Law of causality.

(e) 'Sun will not rise tomorrow.'— According to Hume this proposition is

(i) false (ii) self-contradictory

(iii) probable (iv) inconceivable.

(f) According to Hume, 'If you put your hand in fire it will burn' because

(i) there is a necessary connection between them

(ii) there is a regular conjunction between them

(iii) there is a special power in fire

(iv) it is impossible that fire will not burn.

(g) According to Hume custom is

(i) social law (ii) one kind of prejudice

(iii) guide to our practical life (iv) mental habit derived from our experience.

(h) By 'liberty' it is meant

(i) indetermination of our will

(ii) power of acting or not acting according to the determination of our will

(iii) violation of all kind of laws

(iv) none of the above.

(i) 'Custom is the great guide of human life.'— Who said this?

(i) Kant (ii) Locke (iii) Hume (iv) Descartes.

(j) According to Hume knowledge is

(i) Intuitive (ii) Demonstrative (iii) Sensible (iv) All of these.

(k) According to Hume teleological argument for the existence of God is not acceptable because
   (i) it is not derived from experience
   (ii) it violates the conditions of causal law
   (iii) God's intention is unknown to us
   (iv) it has no moral element.

(l) The supporter of excessive scepticism is
   (i) Descartes (ii) Hume (iii) Pyrrho (iv) Kant.

**2.** Give short answers to ***any five*** of the following questions : 5×5

(a) 'Difference between impression and idea is difference in degree.' — Explain following Hume.

(b) What are the different kind of laws of association according to Hume? — Discuss with example.

(c) How does Hume distinguish between fiction and belief?

(d) What does Hume mean by probability of causes?

(e) Discuss with example that animals also learn from experience like men.

(f) What are Hume's arguments against occasionalism?

(g) What does Hume mean by miracle? Mention one argument given by Hume against miracle.

(h) What is the main tenet of antecedent scepticism? How does Hume criticize it?

**3.** Answer ***any two*** from the following questions :

(a) (i) How does Hume distinguish between two kinds of philosophy in his 'Enquiry'?
   (ii) Does he show any preference for either of them? 5+10

(b) 'Causes and effects are discoverable not by reason, but by experience.'— Discuss the arguments given by Hume in support of this view. 15

(c) What does Hume mean by necessary connection? Discuss, following Hume, whether we can know this relation from the influence of our willpower on different organs of our body. 3+12

(d) What does Hume mean by liberty? Is liberty opposed to necessity? — Discuss. 3+12

———————